

সিবিপি প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ইউ/এন-এম আই এন কিচাগ-২, ঢাকা।			
তারিখ নং- ১৫৭	তারিখঃ ১২/৪/১৬	প্রকৌশলীঃ	
সং. প্রঃ	উঃ বিঃ প্রঃ	পিঃ প্রঃ	W

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৬৭.২১.২৪১

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯

০৯ এপ্রিল ২০২৩

বিষয়: জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি) এর হোস্টেল ও প্রশাসনিক ভবনের ছাদে প্রাস্টিক ওয়াটার ট্যাংক স্থাপন, নতুন সরবরাহ লাইন ও ফিটিং সংযোজনসহ ভূ-গর্ভস্থ জলাধার ও পাম্প হাউজের সংস্কার কাজের জন্য চেকের মাধ্যমে ১২,৬২,৬৭২/- টাকা বরাদ্দ।

পত্র: উপসচিব ও যুগ্ম পরিচালক (প্রশাসন ও সমন্বয়), জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি), আগারগাও, ঢাকার স্মারক নং-৪৬.০১৮.০০০০.০০১.০৯.০৩০.০১-৮৫১ তারিখ-২২-০৩-২০২৩ খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সুত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে উপসচিব ও যুগ্ম পরিচালক (প্রশাসন ও সমন্বয়), জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি), আগারগাও, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ১২, ৬২, ৬৭২/- টাকার চেক নং-CDD-৬৪৫৩০৯৯ তারিখ-২৬/১২/২০২২; জনতা ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ভবন শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবেঃ

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তি- বর্ণনামতে ১২,৬২,৬৭২/- টাকার চেক।

৯-৪-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন